অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো আজ মধ্যরাতের সময়সীমা শেষ হওয়ার আগে কর দাখিলে বর্ধিত সহায়তার ঘোষণা দেন

NYS কর বিভাগ কল সেন্টারের সময়সীমা আজ সন্ধ্যা 7টা পর্যন্ত বৃদ্ধি করেছে

বিনামূল্যে ফাইল প্রোগ্রাম ব্যবহার গত বছরের তুলনায় 40% বেড়েছে

বিনামূল্যে কর দাখিল সংক্রান্ত সংস্থানসমূহ ও সফটওয়্যার অনলাইনে পাওয়া যাচ্ছে এখানে www.tax.ny.gov

গভর্নর কুওমো আজ মধ্যরাতের সময়সীমা শেষ হওয়ার আগে কর দাখিলে বর্ধিত সহায়তার ঘোষণা দেন। নিউ ইয়র্ক স্টেটের করদাতাদের সাহায্য করার জন্য যারা এখনো তাদের ব্যক্তিগত আয়কর রিটার্ন জমা দিতে পারেনি, কর বিভাগের প্রতিনিধিদের শেষ মুহূর্তের ফাইলিং প্রশ্নের উত্তর দিতে আজ সন্ধ্যা 7টা পর্যন্ত ইস্টার্ন টাইম পর্যন্ত সময় পাবেন। প্রতিনিধিদের সাথে যোগাযোগ করা যাবে 518-457-5181 নম্বরে।

"জুলাই মাসে কর দিবস এবং আমরা নিউ ইয়র্কবাসীদের সময়মত তাদের রিটার্ন পাওয়ার জন্য প্রয়োজনীয় সম্পদ নিশ্চিত করতে সর্বাত্মক চেষ্টা করছি," **গভর্নর কুওমো বলেন।** "অনেক নিউ ইয়র্কবাসী ইতোমধ্যে আমাদের প্রদান করা বিনামূল্যের সম্পদের সুযোগ নিয়েছে, তবে সময়মতো ট্যাক্স রিটার্ন জমা দেওয়ার জন্য মাত্র কয়েক ঘন্টা বাকি রয়েছে, আমরা বিনা খরচায় অনলাইন এবং ফোন সহায়তার সময় বাড়িয়ে দিচ্ছি এবং নিউ ইয়র্কবাসীদের আজকে তাদের ট্যাক্স রিটার্ন জমা দেওয়ার জন্য মনে করিয়ে দিচ্ছি।"

আপনার NYS এবং ফেডারেল ট্যাক্স রিটার্ন বিনামূল্যে দাখিল করুন

প্রতি বছর লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসী কর বিভাগের ওয়েবসাইটেরমাধ্যমে বিনামূল্যে তাদের ব্যক্তিগত আয়কর রিটার্ন দাখিল করার যোগ্যতা অর্জন করে। 2019 সালে 69,000 মার্কিন ডলার বা তার কম আয়কারী সকল করদাতা তাদের ফেডারেল এবং নিউ ইয়র্ক স্টেট ইনকাম ট্যাক্স রিটার্ন উভয়ই বিনামূল্যে এই সকল সহায়তা সাইটে দাখিল করতে পারবেন।

221,000-এরও বেশি করদাতা ইতোমধ্যে এই বছরে ফ্রি ফাইল প্রোগ্রামের মাধ্যমে তাদের রিটার্ন দাখিল করেছে যা গত বছরের তুলনায় 40% বৃদ্ধি পেয়েছে, যা এই করদাতাদের আনুমানিক 45.3 মিলিয়ন মার্কিন ডলার কর প্রস্তুতি ফি সঞ্চয় করেছে।

আপনাকে কোনো ফি চার্জ করা হয়নি তা নিশ্চিত করার জন্য আপনার রিটার্নটি দাখিল করতে আপনাকে কর বিভাগের ওয়েবসাইটে যেতে হবে। বিনামূল্যে ফাইল অপশন পর্যালোচনা করতে কর বিভাগের ওয়েবসাইটে শুধুমাত্র বিনামূল্যে আপনার আয়কর রিটার্ন দাখিল করুন লিংকটি নির্বাচন করুন। আপনি প্রস্তুতি ফি বাঁচাতে পারবেন, ব্যয়বহুল ত্রুটি এড়িয়ে যাবেন এবং নিশ্চিত করবেন যে আপনি সবচেয়ে কার্যকর উপায়ে বকেয়া টাকা ফেরত পাবেন।

কর বিভাগ নিউ ইয়র্কবাসীদের করের রিটার্ন দাখিল প্রক্রিয়ায় সাহায্য করার জন্য বেশ কিছু ভিডিও টিউটোরিয়াল তৈরি করেছে। বিষয়গুলি প্রয়োজনীয় নথি সংগ্রহ থেকে সঠিক সফটওয়্যার চয়ন করা অবধি। আপনি আমাদের গেট রেডি টু ই-ফাইল ইওর ইনকাম ট্যাক্স রিটার্ন ওয়েবপেজে ভিডিওগুলি দেখতে পারবেন। এছাড়া, করদাতাদের ইলেকট্রনিকভাবে একটি নির্ভুল রিটার্ন প্রস্তুত ও দাখিলে সাহায্য করার জন্য কর বিভাগের ওয়েবসাইটে সাধারণ প্রশ্নাবলির উত্তরসহ বিভিন্ন নির্দেশনা ও রিসোর্স থাকবে।

আপনার রিফান্ডের অবস্থা যাচাই করুন

কর বিভাগ ইতোমধ্যে 6 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি রিফান্ড ইস্যু করেছে যা 6.1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি মূল্যের। করদাতারা তাদের ওয়েবসাইট www.tax.ny.gov ব্যবহার করে বিভাগের চেক রিফান্ড স্ট্যাটাস অ্যাপে যেকোনো সময় দ্রুত তাদের নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স রিফান্ডের অবস্থা দ্রুত দেখতে পারবেন। যখন আপনি আপনার রিফান্ড প্রত্যাশা করবেন তা জানার জন্য প্রতিদিন আপডেট হওয়া এই অনলাইন টুলটি দ্রুততম ও সর্বাধিক সুবিধাজনক উপায়। এটি আমাদের ফোনের প্রতিনিধির মতোই একই তথ্য প্রদান করে—কোনো অপেক্ষা ছাড়াই!

আপনি কর দপ্তরের ইমেল অ্যালার্টগুলিতে সাইন আপ করেও আপনার রিফান্ড কখন ইস্যু হবে তা জানতে পারবেন। কর বিভাগের হোমপেজ www.tax.ny.gov ভিজিট করুন এবং পেজের নিচে সাবস্ক্রাইব নির্বাচন করুন।

দাখিল করতে একটি স্বয়ংক্রিয় সময় বাড়ানোর আবেদন করুন

আপনি যদি 15 জুলাই সময়সীমার মধ্যে একটি পূর্ণ আয়কর রিটার্ন জমা দিতে না পারেন তাহলে ফাইল করার সময় আপনি একটি স্বয়ংক্রিয় সময় বাড়িয়ে নিতে পারেন। সময় বৃদ্ধি আপনার রিটার্ন জমাদানের জন্য আরও সময় প্রদান করবে, তবে কোনো বকেয়া কর পরিশোধের জন্য সময় দেবে না। দাখিলকরণের সময় বৃদ্ধির আবেদন করার ক্ষেত্রে আপনাকে অবশ্যই যথাযথভাবে প্রাক্কলিত বকেয়া করের পুরো অর্থ পরিশোধ করতে হবে। বাড়ানো সময়ে দাখিলকৃত ব্যক্তিগত আয়কর রিটার্নের সময় শেষ হবে মঙ্গলবার, 15 অক্টোবর 2020 তারিখে বা এর পূর্বে।

করদাতার উত্তর প্রদান কেন্দ্র (Taxpayer Answer Center) ভিজিট করুন

আপনি আমাদের প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলীর (Frequently Asked Questions, FAQs) ডাটাবেস অনুসন্ধানের মাধ্যমে কর সংক্রান্ত সাধারণ প্রশ্নগুলির উত্তর পেতে পারেন। www.tax.ny.gov এর একেবারে নিচে উত্তর প্রদান কেন্দ্র (Answer Center)-তে ক্লিক করুন।

নিউ ইয়র্ক স্টেট কমিশনার অব ট্যাক্স অ্যান্ড ফিন্যান্স মাইকেল শ্মিট বলেন, "এই চূড়ান্ত কয়েক ঘন্টার মধ্যে করদাতাদের কর দাখিল করার জন্য কর বিভাগের ওয়েবসাইট এখনই একটি গুরুত্বপূর্ণ সংস্থান। ফ্রি ফাইলিং সফটওয়্যার থেকে শুরু করে সাধারণ প্রশ্নগুলির উত্তর দিতে, আমি শেষ মুহূর্তে কর দাখিলের চাপ কমাতে www.tax.ny.gov ভিজিট করার জন্য আজ সমস্ত নিউ ইয়র্কবাসীকে তাদের রিটার্ন প্রস্তুত করতে উৎসাহিত করছি।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন